যুগান্তর

তারিখ 17 DEC 2006
পৃষ্ঠা ... কলাম ...

# রাবিতে ভর্তি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র বিক্রি করে টাকা হাতাচ্ছে প্রতারক চক্র

রাবি প্রতিনিধি

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রথম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তি পরীক্ষার ভুয়া প্রশ্নপত্র বিক্রির দায়ে পাঁচজনকে গ্রেফতারের পরও রাবি এবং পুলিশ প্রশাসনের ঢিলেমির কারণে ব্যাপক হারে ভুয়া প্রশ্নপত্র বিক্রি করে শিক্ষার্থীদের কাছ থেকে বিপুল অঙ্কের টাকা হাতিয়ে নিচ্ছে প্রতারক চক্র।

আবাসিক হল ও এর আশপাশের ছাত্রাবাস এবং মেসগুলোতে এমনকি পরীক্ষার পূর্বমুহূর্তে বিভিন্ন বিভাগ ও হলের সামনে শর্তসাপেক্ষে এসব প্রশ্নপত্র বিক্রি করা হচ্ছে। গত তিনদিনে বাণিজ্য অনুষদের চারটি বিভাগের এবং সামাজিক বিজ্ঞান অনুষদের কয়েকটি বিভাগের প্রশ্নপত্র বিক্রি হয়েছে দেদারসে।

অভিযোগ উঠেছে, ভুয়া প্রশ্নপত্র বিক্রির সঙ্গে জড়িত ছাত্রদলের ক্যাডার গ্রুপের একটি অংশ বিভিন্ন ব্যবসায়ী ও ছাত্রদের কাছ থেকে ব্যাপক অঙ্কের চাঁদাও তুলে বেড়াচ্ছে। নবাব আবদুল লতিফ হল শাখা ছাত্রদলের যুগ্ম আহ্বায়ক আসিফ ইকবাল রোমেল এ গ্রুপটির নেতৃত্ব দিচ্ছে বলে কয়েকটি সূত্র অভিযোগ করেছে।

প্রতারিত ও এ চক্রের মুখোমুখি হওয়া বেশ কয়েকজন ভর্তিচ্ছু শিক্ষার্থী জানান, ১৫ হাজার থেকে ৪০ হাজার টাকার বিনিময়ে ও পরীক্ষা শেষ হওয়া মাত্রই সংশ্লিষ্ট পরীক্ষার প্রবেশপত্র, ভর্তিচ্ছুর পরীক্ষার প্রবেশপত্র, এসএসসি ও এইচএসসির সনদপত্র (একাডেমিক ট্রান্সক্রিপ্ট) জমাদানের শর্তে দেয়া হচ্ছে এসব ভুয়া প্রশ্নপত্র। এরপর প্রশ্নপত্র মিলুক বা না মিলুক ভর্তিচ্ছুদের কাছ থেকে তারা প্রবেশ ও সনদপত্র আটকে রাখছে। প্রশ্ন না মিললেও টাকা কোনভাবেই আর ফেরত পাচ্ছে না ভর্তিচ্ছুরা।

কয়েকজন অভিভাবক অভিযোগ করেন, পুলিশি কোন তৎপরতা ও বিশ্ববিদ্যালয় প্রশাসনের কোন উদ্যোগ না থাকায় এ চক্র অনায়াসেই ভুয়া প্রশ্নপত্রের বাণিজ্য চালিয়ে যাচ্ছে। যোগাযোগ করা হলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর প্রফেসর ড. এনামুল হক যুগান্তরকে বলেন, এ ধরনের অভিযোগ আমার কানেও এসেছে কিন্তু সুনির্দিষ্ট